তৃতীয় বিশ্বযুদ্ধ এবং দাজ্জাল

সূচী

পূর্বকথা

এ বিষয়ে দরকার তো ছিল যে, উলামায়ে কেরামের একটি বিশেষ টীম কর্তৃক বর্তমান যুগের ফেতনা সম্বলিত পরিস্থিতিগুলো সামনে রেখে গবেষনা কার্যক্রম চালিয়ে যাওয়া। রাসূলে কারীম সা.এর হাদিসগুলোর উপর অক্ষরে অক্ষরে নজর দেয়া। আমাদের পূর্ববর্তী সালফে সালেহীন উলামায়ে কেরাম এ বিষয়ে বহু গবেষনা করে গেছেন। সুতরাং এ বিষয়গুলো প্রতিটি ঈমানদারের জন্য খুবই গুরুত্বপূর্ণ। এগুলোকে জনসাধারণের সামনে উপস্থাপন করা প্রতিটি উলামায়ে হকের দায়িত্ব।

এ বিষয়ে কলম ধরার একমাত্র উদ্দেশ্যই হল- অলসতার মুকুট পরিহিত মুসলমানদের সামনে পরিস্থিতির ভয়াবহতার বিবরণ তুলে ধরা। নৈরাশ্যের ডাষ্টবিনে হাবুডুবু খাওয়া যুবকদের অন্তরে আশার আলো জ্বালিয়ে দেয়া। পাশাপাশি এখন থেকেই তাদেরকে অদূর ভবিষ্যতের আগমনশীল ফেতনাসমূহ মুকাবেলায় প্রস্তুত করে তোলা। এতদোদ্দেশ্য সামনে রেখেই গ্রন্থে ঐ সকল পরিস্থিতিগুলো নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়েছে, যেগুলো সম্পর্কে রাসূলে কারীম সা. স্বীয় উম্মতকে বারংবার সতর্ক করতে থাকতেন।

তারপরও সালফে সালেহীনের পদাংক অনুসরণার্থে নিজের থেকে আগে বাড়িয়ে কিছু উল্লেখ করা হয়নি। হাদিসগুলোকে জোরপূর্বক টেনে এনে পরিস্থিতির সাথে মেলানো হয়নি; বরং হাদিসগুলোর ব্যাখ্যায় শুধুমাত্র ঐ সকল পরিস্থিতিই বর্ণনা করা হয়েছে, যা বর্তমান সময়ে চারদিকে সম্পূর্ণ স্পষ্ট হয়ে উঠেছে।

এতদসত্তেও স্মরণ রাখা উচিত যে, আবশ্যক নয়- এগুলোই ঐ পরিস্থিতি, যার ব্যাপারে হাদিসে নবী করীম সা. উদ্দেশ্য করেছেন; বরং এর মাধ্যমে অন্যান্য পরিস্থিতিও উদ্দেশ্য হতে পারে। পাশাপাশি হাদিসে বর্ণিত যে সকল পরিস্থিতি এখনো স্পষ্টরূপে প্রকাশিত হয়নি, কেবল সেগুলো সম্পর্কেই এখানে রন্ধ্রে রন্ধ্রে গবেষনা করা হয়েছে।

গ্রন্থে বর্ণিত হাদিসগুলোর সূত্র উল্লেখের মাধ্যমে চেষ্টা করা হয়েছে যাতে করে সকল হাদিসের তাখরীজ এসে যায়। আর তাই যথাযথভাবে তা পূরণ করার চেষ্টা করা হয়েছে। এতদসত্তেও উম্মতের জ্ঞানীগুণী ব্যক্তিবর্গ যদি কোন হাদিস সম্পর্কে আরো অতিরিক্ত ব্যাখ্যা পেয়ে থাকেন, তবে এ সম্পর্কে অবগত করাতে অনুরোধ রইল। পাশাপাশি যদি কোন হাদিসের তাখরীজ কোথাও না পাওয়া যায়, তবে গ্রন্থের শেষে বহু কিতাবাদীর নাম সূত্রাকারে দেয়া আছে, সেগুলোতে বিস্তারিত ব্যাখ্যা করা উলামায়ে কেরামের দায়িত্ব।

কতিপয় স্থানে যায়ীফ (দুর্বল) হাদিসগুলোকে শুধুমাত্র এজন্য আনা হয়েছে যে, জনসাধারণের সামনে যখন এরকম আরো বিভিন্ন হাদিস আসবে, তখন যেন তারা এগুলোর শক্তিশালী সনদসমূহকে চিনে নিতে পারে। কেননা অনেক সময় দেখা যায় যে, এসম্পর্কে যদি কেউ সহীহ হাদিস বর্ণনা করে, তখন অন্যকেউ এর বিপরীতে অপর হাদিস শুনিয়ে দেয়। যারফলে মানুষের ব্রেইনে পরিস্থিতি পরিপূর্ণরূপে ধরা পড়েনা।

হাদিসগুলো অধ্যয়ন করার সময় একথা মাথায় রাখা উচিত যে, ইমাম মাহদী আ. এর আবির্ভাব এবং দাজ্জাল আত্মপ্রকাশের ব্যাপারে কখনো কখনো নবী করীম সা. সংক্ষিপ্ত কথায় বিশ্লেষন দিয়েছেন, কখনো বিস্তারিত বিশ্লেষন করেছেন, আবার কখনো সবিস্তারে উল্লেখ করেছেন। সাহাবায়ে কেরাম রা. রাসূলের কাছে যতটুকু প্রশ্ন করেছেন, রাসূল সা. ততটুকুরই উত্তর দিয়েছেন। যারফলে পাঠকদের কাছে অনেকসময় হাদিসগুলোর মাঝে পারস্পরিক বিপরীতমুখী ভাব ধরা পড়ে; অথচ বাস্তবে সেখানে কোন বৈপরিত্ব নেই।

রাসূলে কারীম সা. ইমাম মাহদী আবির্ভাবের সন/তারিখ নির্ধারন করে যাননি। পাশাপাশি ইমাম মাহদী ও দাজ্জালের ব্যাপারে ঘটনাগুলোকে ধারাবাহিকভাবেও বর্ণনা করেননি। এখন নিজের পক্ষ থেকে ঐ সকল ঘটনাকে ধারাবাহিকভাবে বিন্যস্ত করে ফেলা অতপর মানুষের কাছে এমনভাবে তা তুলে ধরা যে, মনে হয় স্বয়ং নবী করীম সা. বিষয়গুলোকে এভাবেই ধারাবাহিক বর্ণনা করেছেন- সমুচিত নয়।

তবে হ্যাঁ... নবী করীম সা. সবগুলো ঘটনারই কিছু না কিছু নিদর্শন বর্ণনা করে গেছেন, যার মাধ্যমে ঘটনাগুলোর ধারাবাহিকতা ধরা পড়ে। এগুলো ছাড়া গ্রন্থের কোথাও যদি কোনপ্রকার ধারাবাহিকতা দেয়া হয়ে

থাকে, তবে তা নিতান্তই সম্ভাবনার দৃষ্টিতে। সুতরাং অন্যের কাছে বর্ণনা করার সময় পাঠককে বিষয়টি স্পষ্ট করে দিতে হবে।

ঠিক তেমনি বিভিন্ন সেনাদল সম্পর্কে বর্ণিত হাদিসগুলো যখন আমরা অধ্যয়ন করব, তখন দেখতে পাবো যে- নবী করীম সা. ভবিষ্যদ্বানী করছেন- "তোমরা রূমকদের সাথে যুদ্ধ করবে, অতপর আল্লাহ পাক তোমাদেরকে বিজয় দান করবেন। এরপর তোমরা কুস্তিনতীনীয়্যা বিজয় করবে"। কোথাও নবীজী বলেছেন- "মুসলমানদের সেনাবাহিনী তখন দামেস্কে অবস্থান করবে", অপর স্থানে- "তোমরা হিন্দুস্তানের বিরুদ্ধে যুদ্ধ করবে, -"বাইতুল মাকদিসে তোমাদেরকে বেষ্টন করে ফেলা হবে", -"ফুরাত নদীর কিনারায় (তথা ইরাকের ফাল্লুজায়) তোমরা যুদ্ধ করবে"। সুতরাং পাঠকদের মনে ছবি ভেসে উঠে যে, মুসলমানদের সেনাবাহিনী কখনো কুস্তানতীনীয়্যাতে(কনষ্ট্যান্টিনোপল, বর্তমান তুরস্কের রাজধানী ইস্তাম্বুল), আবার কখনো হিন্দুস্তানে জিহাদ করছে। অতপর মনে মনে সে এগুলোর মাঝে সামঞ্জস্য ও ধারাবাহিকতা দেয়ার চেষ্টা করে।

অথচ নবী করীম সা. একেক সময় একেক বৈঠকে বিভিন্ন সৈন্যদলের কথা বর্ণনা করেছেন। সুতরাং এটা আবশ্যক নয় যে, সকল বিজয়সমূহ একসাথেই এক সৈন্যদলের হাতেই অর্জিত হয়ে যাবে। গ্রন্থে উক্ত পরিস্থিতিকে স্পষ্টভাবে বুঝানোর চেষ্টা করা হয়েছে, যার মাধ্যমে পরিস্থিতি অনেক দূর পর্যন্ত প্রকাশ হয়ে উঠে। পাশাপাশি বিশেষ বিশেষ স্থানের মানচিত্রও গ্রন্থে সংযুক্ত করে দেয়া হয়েছে- যাতে করে পাঠকবৃন্দ এগুলো দেখে দেখে সহজভাবেই স্থানগুলো চিহ্নিত করতে পারে।

যেহেতু মুহাদ্দিসীনে কেরাম হাদিসে বর্ণিত শব্দাবলীর মাধ্যমে শুধু শাব্দিক অর্থই উদ্দেশ্য নেননি; বরং রূপক অর্থের সম্ভাবনার কথাও উল্লেখ করেছেন। আর তাই গ্রন্থেও একই পন্থা অবলম্বন করা হয়েছে। বিশেষত ঐ সকল স্থানে তো রূপক অর্থেরই প্রাধান্য দেয়া হয়েছে- যেগুলি সম্পর্কে স্বয়ং কোরআনে কারীমে রূপক অর্থের দিকে ইঙ্গিত দেয়া আছে।

দাজ্জাল পরিস্থিতি বিবরণের হক তো হল যে, শুনামাত্রই শ্রবণকারী এবং পাঠকগণের অন্তরে ভীতির সঞ্চার হয়। এসকল পরিস্থিতি শুনে অন্তরে ভয় উদয় হওয়াটাই ঈমানের নিদর্শন। সুতরাং চেষ্টা করেছি যে, হাদিসে বর্ণিত দাজ্জালের শক্তিসমূহকে বর্তমান পরিস্থিতির আলোকে বুঝনো হোক, যাতে করে ফেতনার রহস্য ও মারাত্মক ভয়াবহতা সম্পর্কে মানুষের ধারনা হয়ে যায়। কেননা মারাত্মক ভয়াবহতার কারণেই নবীজী সা. এগুলোকে বারংবার সাহাবায়ে কেরামের সামনে বর্ণনা করতেন।

গ্রন্থটি দীর্ঘ হয়ে যাবে ভেবে অনেক স্থানে সংক্ষিপ্ত পথ অবলম্বন করেছি। সুতরাং বিস্তারিত জানতে আগ্রহী পাঠকবর্গকে গ্রন্থের শেষে উল্লেখিত কিতাবাদীর দিকে মনোনিবেশ করার অনুরোধ রইল।

আল্লাহ তা'লার কাছে দোয়া যে, তিনি সমস্ত ঈমানদারদের জন্য গ্রন্থটিকে উপকারের মাধ্যম বানান এবং আমাদের সবাইকে দাজ্জালের ভয়ানক ফেতনা থেকে বাঁচার তাওফীক দান করেন... আমীন...!!

--- *** ---

আরো দু'টি কথা

সকল প্রশংসা ঐ মহান সত্তার, যিনি সমগ্র জগতের সর্বপ্রকার ব্যবস্থাপনাকে পরিচালিত করে থাকেন। এ পরিচালনার ক্ষেত্রে তিনি কারো সাহায্যের প্রতি মুকাপেক্ষী নন। দরূদ-সালাম বর্ষিত হোক সর্বশেষ নবী মুহাম্মদে আরাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের উপর, যাঁকে বিশ্বের বুকে প্রেরণ করা হয়েছে- মুর্খতার চাদরে ঢাকা সভ্যতাকে মিটিয়ে বিশ্বময় ইসলামী শাসন প্রতিষ্ঠার করতে। পাশাপাশি নূর বর্ষিত হোক ঐ সকল মহামনীষীদের উপর, যারা মানবতার মুক্তির দূত- নবী করীম সা.এর সাথে থেকে তাঁর এ মিশনকে বাস্তবায়ন করার জন্য সর্বস্ব ত্যাগ করে দ্বীনের কালেমাকে উঁচু করে গেছেন। রহমত বর্ষিত হোক ঐ সকল হকপন্থী উলামায়ে কেরামের উপর, যারা ইসলাম নামক বৃক্ষকে তাজা ও সমুন্নত রাখতে যুগে যুগে নিজেদের তপ্তখুন বিসর্জন দিয়েছেন। আল্লাহ পাকের পরিপূর্ণ মদদ ও সাহায্য অবতীর্ণ হোক ঐ সকল মর্দে মুজাহিদীনের উপর, যারা হকপন্থী উলামায়ে কেরামের নেতৃত্বে স্বীয় কলিজার টুকরাকে জলাঞ্জলি দিয়ে যুগের ফেরাউনদের ভয়ে ঠিট্টির কাঁপতে থাকা উম্মতকে পূনর্জাগরণ করে যাচ্ছেন এবং মুসলমানদেরকে সম্মানের সাথে জীবনযাপন ও সম্মানের সাথে মৃত্যু বরণ করার সবক শিখিয়ে যাচ্ছেন। সকল অনিষ্টতা ও ধ্বংস অবতীর্ণ হোক ঐ সকল ইসলামবিদ্বেষীর উপর, যারা ইসলাম ও মুসলমানদের বিরুদ্ধে একের পর এক ষড়যন্ত্র করে যাচ্ছে।

পরিস্থিতি যে দ্রুতগতিতে পরিবর্তিত হচ্ছে এবং দাজ্জালী এজেন্টদের জোটবদ্ধ ষড়যন্ত্র যেভাবে উম্মতে মুহাম্মদীর উপর বর্ষিত হচ্ছে- এহেন পরিস্থিতিতে উম্মতে মুসলিমাকে এ চক্রান্তকারীদের চক্রান্ত সম্পর্কে অবহিত করাটা জরুরী হয়ে পড়েছে। মুহাম্মদে আরাবী সা. এর উত্তরাধীকারীদের উপর "ফরযে আইন" হচ্ছে যে, তারা যেন স্বীয় পাঠদান এবং বক্তৃতার সময় মানুষের সামনে বিষয়গুলো নিয়ে আলোচনা করে। তা না হলে তারা বিচারদিবসে (كتمان حق) তথা সত্য গোপনকারীদের অন্তর্ভুক্ত বলে গন্য হবে, যা আল্লাহ পাকের কাছে অত্যন্ত মারাত্মক অপরাধ এবং লা'নতের কারণ। ঠিক তেমনি কলামিষ্টগণ তাদের কলমের মাধ্যমে, গ্রন্থ এবং লিফলেটের মাধ্যমে হলেও বাতিল শক্তির চক্রান্তগুলোকে মানুষের সামনে তুলে ধরতে হবে। পাশাপাশি সর্বসাধারণের দায়িত্ব হচ্ছে, তারা এ গ্রন্থ আর লিফলেটগুলোকে সমাজের প্রতিটি ঘরে ঘরে পৌছে দেয়া। ঘরোয় পরিবেশে পরিবার-পরিজন ও প্রতিবেশীদের নিয়ে এগুলো আলোচনা করা।

সত্য প্রচারে কারো অসন্তুষ্টি বা তিরস্কারের তোয়াক্কা করলে চলবেনা- চায় সামনে অত্যাচারী প্রতাপশালী বাদশা/প্রেসিডেন্ট এসে উপস্থিত হোক বা কোন সহকর্মী বা প্রতিবেশী এতে অন্তরায় সৃষ্টি করুক। সাধারণ তো সাধারণই; আজকাল বিশেষ বিশেষ ব্যক্তিবর্গও উর্ধ্বতন কর্মকর্তা বা সহকর্মীদের ভয়ে সত্যকে গোপন করে ফেলে। এমন ব্যক্তিরা যেন একটি কথা স্মরণ রাখে যে, মহান রাব্বুল আলামীনের অসন্তুষ্টি সকল বাদশা, সকল সরকার এবং সকল নেতৃস্থানীয় ব্যক্তিবর্গের অসন্তুষ্টি থেকেও বেশি মারাত্মক এবং যন্ত্রণাদায়ক শাস্তির কারণ।

প্রতিটি মুসলমানের অন্তরে এনিয়ে ভয় থাকা চাই যে, সে যেন কোন অবস্থাতেই মনের অজান্তে দাজ্জালের অনুসারী না হয়ে যাবে...। কিংবা ইমাম মাহদী আ. এর সৈন্যদলে অন্তর্ভুক্ত হওয়া বা তাঁর সহযোগীতা থেকে বঞ্চিত না থেকে যায়... এমতাবস্থায় যে, সৈন্যদল অনেক দূরে চলে গেছে। অধম লেখক রাসূলে কারীম সা. এর হাদিসগুলো অধ্যয়ন করার পর একথা বুকে হাত দিয়েই বলতে পারে যে, ইমাম মাহদী আ. আবির্ভাবের পর অনেক মুসলমানের খবর পর্যন্ত হবেনা যে, জিহাদের নেতৃত্ব স্বয়ং ইমাম মাহদী সামলে নিয়েছেন; বরং বর্তমান সময়ের মত তখনও মানুষেরা মুজাহিদীনের জিহাদকে ঐ দৃষ্টিতেই দেখবে, যে দৃষ্টিতে বর্তমান মিডিয়া তাদের সামনে প্রকাশ করছে। প্রত্যেক শ্রেণীর চিন্তা ও মতামত তাদের দৃষ্টিভঙ্গি অনুযায়ী হবে। তবে ঐ সকল ব্যক্তিরাই এথেকে নিস্তার পাবেন, যারা হককে গ্রহণ করতে বিন্দুমাত্রও দেরী করেননা।

আল্লাহ পাকের কাছে আমার দোয়া যে, তিনি সমস্ত মুসলমানদেরকে এ মহান ধর্মের জন্য জীবন-মরণ উৎসর্গ করার তাওফীক দান করেন। পৃথিবীর সকল খোদাদাবীদারদের বিদ্রোহ ঘোষনা করে স্বীয়

অনুসারীদের অন্তর্ভুক্ত করে নিন- চায় তার জন্য তন, মন, ধন.. সবকিছু ত্যাগ করতে হোক... আমীন...!!

আসেম উমর

--- *** ---

ভূমিকা

الحمد لله والله أكبر ، سبحانه ما كان اسمه على عسير إلا تيسر ، ولا شيب بقلب كدر إلا تطهر ، ولا رمي به عدو إلا تكسر ، وصلى الله وسلم على المجاهد الأشجع الأبر الأطهر ، ذي الجبين الأغر ، والوجه الأزهر ، والآل والصحب والتابعين ، ومن تبعهم بإحسان إلى يوم المحشر والمنشر.... أما بعد :

ইসলামী ইতিহাসে এটা বারংবার ঘটে আসছে যে, সময়ের সর্বশক্তিমান বাহিনীগুলো দুর্বল বাহিনীসমূহকে পরাজিত করে তাদেরকে স্বীয় গোলামে পরিণত করে রেখেছে। কিন্তু যখনই বিজয়ী জাতির সূর্য অস্তমিত হতে শুরু করেছে, তখনই গোলামীর জিঞ্জিরগুলো আস্তে আস্তে ঢিলে হয়ে পড়েছে। কিন্তু বর্তমান যুগে শক্তিশালী বাহিনীসমূহ কোন প্রকার দেশ বিজয় ছাড়াই দুর্বলদেরকে নিজেদের গোলামে পরিণত করে রেখেছে। এ গোলামী বা দাসত্ব এতই নিকৃষ্ট যে, বিজয়ী জাতি মিটে যাওয়ার পরও তাদের সভ্যতা এবং কৃষ্টি-কালচার বাকী রয়ে গেছে।

লক্ষ করলে দেখা যায় যে, শারীরীক দাসত্ব এতটা ক্ষতিকর এবং নিকৃষ্ট নয়, যতটুকু মস্তিস্কের দাসত্ব। কেননা, কোন জাতির দৃষ্টিভঙ্গি আর চেতনা যদি স্বাধীন হয়, তবে কখনো সে আত্মসমর্পন মেনে নেয়না। সুযোগ পাওয়া মাত্রই সে নিজেকে স্বাধীন বানিয়ে ফেলে। পক্ষান্তরে কোন জাতি যদি মস্তিস্কের দাসত্বে পরিণত হয়, তবে এ দাসত্ব তাকে তার অন্তরে থাকা স্বাধীনচেতা মনোভাবটুকু পর্যন্ত কেড়ে নিয়ে যায়।

মস্তিস্কের দাসে পরিণত হওয়া জাতিসমূহ প্রতিটি বস্তুকে না নিজের মত ভাবে, আর না পরিস্থিতিকে নিজের মনমত পরখ করতে পারে; বরং মনিবেরা তাদেরকে যেদিকে নিয়ে যেতে চায়, সেদিকেই তাদের দৃষ্টিভঙ্গিগুলোকে ঘুরিয়ে দেয়। আর দাসে পরিণত হওয়া বেচারা মনে করতে থাকে যে, আমরা স্বাধীন মনোভাব নিয়েই সবকিছু করছি।

প্রায় সাড়ে চৌদ্দশত বছরের ইতিহাসে বহু নাজুক পরিস্থিতিই ইসলামের সামনে বাঁধা হয়ে দাড়িয়েছে। মহানবী মুহাম্মদ সা. এর ইন্তেকালের পর বেড়ে উঠা মুরতাদদের ফেতনাটি কোন সাধারণ ফেতনা ছিলনা। ইসলাম ছাড়া যদি অন্য কোন ধর্ম হত, তাহলে তখনই তার নাম-নিশানা মরুভূমির বালুর সাথে বাতাসে উড়ে যেত। কিন্তু এরপরও মুসলমানগণ এ ভয়ানক ফেতনাকে পায়ের নিচে দাবিয়ে তবেই তারা মাথা উচু করে বিশ্বের বুকে পরিচিতি লাভ করেছে।

১২৫৮ সালে তাতারীদের ফেতনা ছিল প্রকৃতপক্ষে পৃথিবীর মানচিত্র থেকে মুসলমানদেরকে সমূলে নিশ্চিহ্ন করে দেয়ার ফেতনা। তাতারী সম্প্রদায় একের পর এক মুসলমানদের এলাকাগুলো বিজয় করে যাচ্ছিল। অবস্থাদৃষ্টে মনে হচ্ছিল যে, ধ্বংসাত্মক এ পরিস্থিতিকে মনে হয় আর থামানো সম্ভব হবেনা। কেননা, কোন জাতির নৈরাশ্যতার জন্য এর চাইতে বেশি আর কি হতে পারে যে, তাদের খেলাফত শাসনের প্রতিটি ইটকে ভেঙ্গে চূর্ণ করে দেয়া হয়েছে এবং প্রধান খলীফা/প্রেসিডেন্টকে চাটাইয়ের ভেতর ভাজ করে ঘোড়ার পায়ে রশি দিয়ে বেধে হেচড়িয়ে নির্মমভাবে হত্যা করা হয়েছে। কিন্তু এতকিছুর পরও মুসলমানগণ সাহসহারা না হয়ে তাতারীদের বিরুদ্ধে জিহাদের ঘোষনা দিয়ে ময়দানে ঝাপিয়ে পড়েছিলেন। পরিশেষে মুসলমানগণ তাদেরকে পরাজিত করতেও সক্ষম হয়েছিলেন। মোটকথা- যতদিন মুসলমানদের শাসনব্যবস্থা অটল রয়েছে, ততদিন তারা কারো দৃষ্টিভঙ্গির দাসে পরিণত হয়নি। বরং তাদের দৃষ্টিভঙ্গি ও চিন্তাচেতনা সবসময় স্বাধীন থেকেছে। কিন্তু এ শাসনব্যবস্থা ভেঙ্গে যাওয়ার পর যেমনিভাবে একের পর এক কাফেররা মুসলমানদের এলাকাসমূহ আয়ত্বে করে ফেলেছে, তেমনি তাদেরকে দৃষ্টিভঙ্গি আর কৃষ্টিকালচারের দাসত্ব জিঞ্জিরে আবদ্ধ করে ফেলেছে। আর এই দাসত্বের পরিণাম এতই প্রতিক্রিয়াশীল হয়ে উঠেছে যে, পরবর্তীতে স্বাধীনতা অর্জনের পরও মুসলমানগণ চিন্তাচেতনার দিক থেকে তাদের গোলামই রয়ে গেছে। এ দাসত্বের সবচে' ঘৃণ্য দিকটি (Adversity) হচ্ছে যে, এরকম কৃতদাস জাতি ভালকে মন্দ আর মন্দকে ভাল, উপকারকে অপকার

আর অপকারকে উপকার এবং বন্ধুকে শত্রু এবং শত্রুকে বন্ধু বলে চিনতে থাকে।

দাসত্বের এ বিষাক্ত প্রতিক্রিয়া মুসলমানদের মস্তিস্কে এ দৃষ্টিভঙ্গি বসিয়ে দিয়েছে যে, আধুনিক এ যুগে ইসলামী শাসনব্যবস্থার কোন দরকার নেই। বর্তমান যুগ হচ্ছে গণতন্ত্রের যুগ। এভাবেই গণতান্ত্রিক শাসনব্যবস্থাকে ইসলামী খেলাফতের উত্তম স্থলাভিষিক্ত (Alternative) হিসেবে মেনে নেয়া হয়েছে।

মস্তিস্কের এ গোলামী মুসলমানদেরকে কোরআন-হাদিসের দৃষ্টিতে পরিস্থিতি পরখ করার যোগ্যতাকে কেড়ে নিয়েছে। হায়...! মুসলিম জাতি যদি বর্তমান পরিস্থিতিকে কোরআন-হাদিসের দৃষ্টিতে পর্যবেক্ষণ (Analysis) করত...। বরং অধিকাংশ শিক্ষিত হওয়ার দাবীদার ব্যক্তিবর্গও আজ পরিস্থিতিকে পশ্চিমা মিডিয়ার দৃষ্টিভঙ্গিতে পর্যবেক্ষণ করে বিবৃতি প্রদান করে থাকে। বর্তমান সময়ের সুপ্রসিদ্ধ বুদ্ধিজীবী, চিন্তাবীদ এবং কলামিষ্ট ব্যক্তিবর্গের কলমকে আপনি পশ্চিমা মিডিয়ার দেখানো পথে পরিচালিত হতে দেখবেন। অতপর এসকল বুদ্ধিজীবীগণ তাদের কলমকে দৌড়িয়ে যখন উদ্দেশ্যের চূড়ান্ত পর্যায়ে পৌছে, তখন তারা দেখতে পায় যে, আরে... এটাতো ঐ পর্যায় যেখানে পশ্চিমা বিশ্বের চিন্তাবীদগণ বহুপূর্বেই পৌছতে সক্ষম হয়েছিলেন। অতপর বুদ্ধিজীবীগণ মনে করতে থাকে যে, তারা অনেক কষ্টসাধ্য কাজ করতে সক্ষম হয়েছেন। বর্তমান যুগে আপনি এরকমটিই প্রত্যক্ষ করে থাকবেন। উদাহরণস্বরূপ- সোভিয়েত ইউনিয়ন কর্তৃক আফগানিস্তান আগ্রাসন, আফগান মুজাহিদীনের জিহাদ এবং মহাবিজয়, তালেবান কর্তৃক ইসলামী শাসন প্রতিষ্ঠা, মার্কিনীদের আফগানিস্তান হামলা, মার্কিন সেনাবাহিনী কর্তৃক আরব উপসাগরীয় দেশগুলোতে ঘাঁটি স্থাপন, ইরাক দখল, ইসরায়েল কর্তৃক নিরীহ ফিলিস্তীনীদের উপর নির্যাতন, ১১ সেপ্টেম্বরে টুইন টাওয়ার হামলা.... ইত্যাদি ইত্যাদি বিষয়গুলো নিয়ে তারা এমনভাবে ব্যাখ্যা বিশ্লেষন করে থাকে যে, এগুলোর মাধ্যমে মুসলমানদের সাহস বৃদ্ধির পরিবর্তে তাদের সাহস আরো দিন দিন হ্রাস পেতে থাকে। আল্লাহ তা'লার শক্তিকে "সুপারপাওয়ার" সাব্যস্ত করার পরিবর্তে কোন এক কাফের রাষ্ট্রকে সুপারপাওয়ার প্রমাণ করার প্রচেষ্টা করছে। অবস্থাদৃষ্টে মনে হচ্ছে যে, বিশ্বময় যা কিছুই হবে, সেই কাফের রাষ্ট্র কর্তৃক সিদ্ধান্তের মাধ্যমেই হবে।

রাশিয়ার বিরুদ্ধে আফগানিস্থানের জিহাদকে সম্পূর্ণ মার্কিনী সহযোগীতা এবং রাজনৈতিক ইস্যু সাব্যস্ত করে মুসলমানদের ক্রমবর্ধমান সাহসকে দাবানোর চেষ্টা করা হয়েছে। অথচ এতটুকু গবেষনা পর্যন্ত করা হয়নি যে, রাশিয়াকে মার্কিন অস্ত্রের মাধ্যমে পরাজিত করা হয়েছে ?? নাকি আসমান থেকে অবতীর্ণ ফেরেশতাদের সহযোগীতার মাধ্যমে এ বিজয় অর্জিত হয়েছে..!! বাস্তবেই যদি তা মার্কিনীদের উদ্দেশ্যার্জনের জিহাদ হত, তবে আল্লাহ পাক রাব্বুল আলামীনের কি দরকার ছিল- এখানে মুজাহিদীনকে সাহায্য করার...!! আর একথা সবাই জানে যে, আফগানিস্তানের সম্পূর্ণ জিহাদেই ক্রমে ক্রমে আসমান থেকে ফেরশতা অবতীর্ণ হয়েছে, যা স্বয়ং রাশান অফিসারগণ পর্যন্ত বারংবার প্রত্যক্ষ করতে সক্ষম হয়েছে।

সুতরাং যখন সাব্যস্ত হয়ে গেল যে, উক্ত জিহাদে আল্লাহ পাকের পক্ষ থেকে পরিপূর্ণ সাহায্য অব্যাহত ছিল, তবে আমাদের কলামিষ্ট ও বুদ্ধিজীবীগণ কেন এ জিহাদটিকে সম্পূর্ণ আমেরিকার ঝুলিতে ঢেলে দেয়ার চেষ্টা করছে...!! শুধুমাত্র এজন্য ?? যে, এ ধরনের বিবৃতি সর্বপ্রথম কোন এক মার্কিন বুদ্ধিজীবী প্রচার করেছিল যে, সোভিয়েত ইউনিয়নকে ধ্বংস করার জন্য আমেরিকা আফগান মুজাহিদদেরকে সাহায্য করছে। ঠিক তেমনিভাবে সম্পূর্ণ ইসলামী বিশ্বের বিরুদ্ধে আমেরিকার বর্তমান ক্রুসেড যুদ্ধকে অর্থনৈতিক যুদ্ধ বলে আখ্যায়িত করা হচ্ছে...। অথচ স্বয়ং কুফুরীবিশ্ব পর্যন্ত একে ধর্মীয় (ক্রুসেড) যুদ্ধ বলে ঘোষনা করেছে।

নামীদামী কতিপয় নেতৃস্থানীয় ব্যক্তিদের দাবী যে, মার্কিন প্রশাসন তেলসম্পদ কন্ট্রোলের জন্য ইরাক দখল করেছে। আর মধ্য এশিয়ার তেলসম্পদ (Mineral Resources) কে আয়ত্বে আনার জন্য তারা আফগানিস্তান দখল করেছে। এগুলো হচ্ছে সেই রিপোর্ট, যা স্বয়ং ইহুদীরা তাদের কলামিষ্টদেরকে ব্যবহার করে বিভিন্ন আন্তর্জাতিক পত্র-পত্রিকা এবং সংবাদমাধ্যমগুলোতে প্রচার করে থাকে। অতপর আমাদের নামীদামী চিন্তাবীদগণ (যাদের সকল প্রকার চিন্তাভাবনা "made in USA" হয়ে থাকে) উক্ত রিপোর্টগুলো

পড়ে তাদের পেছনেই কলম ঘুরানো শুরু করে দেয়। এসকল বুদ্ধিজীবী আর চিন্তাবীদদের ব্যাপারে "ইহুদী প্রোটোকোলস"এ লেখা আছে যে, "এসকল ব্যক্তিবর্গ আমাদের দৃষ্টিভঙ্গিতেই গবেষনা করে থাকে। আমাদের দেখানো পথেই তারা দৌড়াতে শুরু করে।" তেলসম্পদ কন্ট্রোলকরণ বিষয়টি নিয়ে যতটুকু বলা যায়- যদি আজ থেকে পঞ্চাশ বৎসর পূর্বের যুদ্ধগুলোকে তেলসম্পদ দখল সম্পর্কীয় যুদ্ধ বলা হয়, তবে দাবীটি মেনে নেয়া সম্ভব হত। কিন্তু সাম্প্রতিককালের যুদ্ধগুলোকে এজন্য তেল বা খনিজসম্পদ দখল সম্পর্কীয় যুদ্ধ বলা যাবেনা, কারণ- আমেরিকা শাসনকারী মূলশক্তি তেল এবং খনিজ সম্পদের দিক থেকে বহু পূর্বেই যথেষ্ট উন্নতি অর্জন করে ফেলেছে। সুতরাং এখন শুধু তাদের সামনে একটি মাত্র উদ্দেশ্য বাকী, সেটা হচ্ছে- বিগত চৌদ্দশত বৎসরের চলমান লড়াইকে চূড়ান্তভাবে সমাপ্ত করা।

বিশ্বের সকল খনিজ সম্পদের উপর যদিও আমেরিকার দখলদারিত্ব নেই, তবে এগুলো ঐ সকল ইহুদীদের দখলে ঠিকই রয়েছে, যাদের হাতে আমেরিকার মূল ক্ষমতা বিদ্যমান। আর যখন এ বাস্তবতাও ধরা পড়ে গেল যে, আফগানিস্তান ও ইরাকে হামলাকারী শক্তি ঐ শক্তিই, তবে এমন বস্তু অর্জনের জন্য তারা দ্বিতীয়বার কেন যুদ্ধ করবে, যা তাদের দখলে পূর্বে থেকেই বিদ্যমান। আমার বলার উদ্দেশ্য এটা নয় যে, এসকল তেল ও খনিজ সম্পদের সাথে আমেরিকার কোন সম্পর্ক নেই। বরং সম্পর্ক আছে, কিন্তু এথেকেও বেশি সম্পর্ক হচ্ছে- যা স্বয়ং রাসূলে কারীম সা. চৌদ্দশত বছর পূর্বেই তাদের ব্যাপারে বলে গেছেন।

ইহুদী কলামিষ্টগণ যখন এ যুদ্ধগুলোকে অর্থনৈতিক যুদ্ধ বলে আখ্যায়িত করে থাকে, তখন এরমাধ্যমে তাদের উদ্দেশ্য হয়- মুসলমানগণ যাতে এগুলোকে ধর্মীয় যুদ্ধ বলে না মনে করতে থাকে। তা না হলে তাদের মধ্যে জিহাদের জযবা আর শাহাদতের কামনা পূনরুজ্জীবিত হয়ে উঠবে। এটা হচ্ছে ঠিক ঐ পন্থা, যা ভারতীয় ব্রাহ্মণেরা মুসলমানদের উপর নির্যাতন চালানোর পর একে বিজেপীয় রাজনৈতিক কর্মকান্ড বলে মুসলমানদেরকে ঠান্ডা করে দিয়ে ধর্মীয় কঠোরতাকে রাজনীতি এবং ভোটপলিসি বলে প্রচার করেছিল।

মানুষের এ চিন্তাচেতনা আর দৃষ্টিভঙ্গির পরিবর্তন শুধু এজন্যই হয়েছে যে, মুসলমানগণ বর্তমান পরিস্থিতিকে কোরআন-হাদিসের আলোকে পর্যবেক্ষণ করার চেষ্টা করেনা। বরং তাদের গবেষনার মূলভীত্তি হল পশ্চিমা মিডিয়া কর্তৃক প্রচারকৃত তথ্য আর সংবাদ। বর্তমান সময়ে একটি কথা আমাদের মেনে নিতেই হবে যে, আজকাল অধিকাংশ শিক্ষিত ব্যক্তিবর্গের চিন্তাচেতনা পশ্চিমাবিশ্বের আন্দাজে হয়ে থাকে এবং বর্তমান মুসলিম বিশ্বের লোকেরা পশ্চিমা দৃষ্টিভঙ্গির দাসত্বের জিঞ্জিরে আবদ্ধ।

অথচ মুসলিম বিশ্বের বাস্তবতা হচ্ছে যে, যতক্ষণ পর্যন্ত কোন জাতি স্বীয় আকীদা, চিন্তাচেতনা, দৃষ্টিভঙ্গি এবং ধর্মীয় মূল বিষয়াবলীর উপর অটল থাকবে, ততক্ষণ পর্যন্ত সে অন্য কোন জাতির মস্তিস্কের গোলামে পরিণত হতে পারেনা। কোন জাতির মৌলিক অস্তিত্ব ততক্ষণ পর্যন্ত টিকে থাকবে, যতক্ষণ পর্যন্ত তারা নিজেদের চিন্তাচেতনা, দৃষ্টিভঙ্গি এবং আমল-আকীদার সাথে গভীরভাবে জড়িয়ে থাকবে। চিন্তাচেতনাহীন কোন জাতির পরিস্থিতি ঐ কাফেলার ন্যায়, যাদের মালামালকে দস্যুরা লুট করে নিয়ে গেছে। ফলে তারা জনমানবহীন মরুভূমির মাঝে অসহায় হয়ে হাহাকার করছে। এরকম কাফেলার সবচে' বড় দুর্ভাগ্য এই হয়ে থাকে যে, তারা যে কোন মানুষকেই পথপ্রদর্শক মনে করে তার পিছু পিছু চলতে শুরু করে। বারবার ধোকা খাওয়ার পরও তার এই ধারনা হয় যে, এইবার তার ভ্রমণ সঠিক দিকেই এগিয়ে যাচ্ছে। এভাবে ঐ কাফেলা ততক্ষণ পর্যন্ত প্রতারণার সাগরে নিমজ্জিত থাকে, যতক্ষণ পর্যন্ত তারা হারিয়ে যাওয়া পথকে খুজে বের না করে। সুতরাং আজকেও যদি আমরা আমাদের আসল উদ্দেশ্যে পৌছতে চাই এবং পরিস্থিতিকে সঠিক ধাচেঁ বুঝতে চাই, তবে আমাদেরকে স্বীয় মৌলিক বিষয়াদীর দিকে ফিরে যেতে হবে। যতক্ষণ পর্যন্ত আমরা বর্তমান পরিস্থিতি সম্পর্কে কোরআন-হাদিসে কি বলা আছে, তা না জানব- ততক্ষণ পর্যন্ত আমরা পরিস্থিতিকে মূল চেহারায় দেখতে সক্ষম হবনা।

মুসলমানদেরকে কোরআন-হাদিসের আলোকে নিজেদের দৈনন্দিন কাজ নির্ধারণ করতে হবে। পাশাপাশি পশ্চিমা বিশ্ব থেকে প্রচারকৃত কোন তথ্য শুনে তা মানুষের মাঝে ঝট করে প্রচার করা থেকে বিরত

থাকতে হবে। অন্যথায় কেয়ামত পর্যন্ত আমরা পরিস্থিতিকে সঠিক চেহারায় দেখতে পারবনা। এমতাবস্থায় হঠাৎ করে কেয়ামত এসে আমাদের সামনে উপস্থিত হবে। এভাবেই যদি আমরা পরিস্থিতি পর্যবেক্ষণ করতে থাকি, তবে না আমাদের চোখে স্বর্ণালী অতিতগুলো সঠিকরূপে ফুটে উঠবে, আর না ভবিষ্যতের আগমনশীল ঘটনাগুলোর বাস্তবতা আমাদের সামনে ধরা পড়বে, না ইউরোপে গঠিত "দ্বিতীয় পূণর্জাগরণ" (The Renaissance) এর কারণ বুঝা সম্ভব হবে, না প্রথম ও দ্বিতীয় বিশ্বযুদ্ধের প্রকৃত রহস্য উপলব্ধি করা সহজ হবে, আর না আমেরিকা ও সোভিয়েত ইউনিয়নের পারস্পরিক যুদ্ধাস্ত্র মনোভাবের ড্রামা অনুধাবন করা সম্ভব হবে। পাশাপাশি না বর্তমান আমেরিকা-চীন অথবা ভারত-চীন শত্রুতার বাস্তবতা পর্যন্ত পৌঁছা সহজ হবে।

গ্রন্থটি লেখার মৌলিক উদ্দেশ্যই হল- নবী করীম সা. থেকে বর্ণিত হাদিসগুলোর আলোকে পরিস্থিতিকে পর্যবেক্ষণ করা এবং সে অনুযায়ী ভবিষ্যতের জন্য প্রস্তুতি গ্রহণ করা। কেননা, যতক্ষণ পর্যন্ত রোগ নির্ণয় করা না যাবে, ততক্ষণ পর্যন্ত চিকিৎসা করা কিভাবে সম্ভব হবে...!!??

নবী করীম সা. কেয়ামত পর্যন্তের জন্য ঘটিত সকল ঘটনবলীর বিস্তারিত বিবরণ দিয়ে গেছেন, যাতে মুসলমানগণ তদানুযায়ী তাদের পদক্ষেপসমূহ ঠিক করে নিতে পারে এবং আগত পরিস্থিতির মুকাবেলায় নিজেদেরকে মানসিকভাব শক্তিশালী করে নিতে পারে।

আল্লাহ পাক রাব্বুল আলামীন উম্মতে মুসলিমাকে দ্বীনের সঠিক বুঝ দান করুন... এবং আমাদের সবাইকে দুনিয়া-আখেরাতে পূর্ণ সফলতা অর্জনের তৌফিক দান করুন...!!!

--- *** ---

নবী করীম সা. এর ভবিষ্যদ্বাণীগুলোর আলোকে

ইমাম মাহদী আ.

ইমাম মাহদী আ. এর আবির্ভাবের ব্যাপারে "আহলে সুন্নাত ওয়াল জামাতএর বিগত চৌদ্দশত বৎসরের আক্বীদা হচ্ছে যে, উনি সর্বশেষ যমানায় আগমন করে উম্মতে মুসলিমাকে নেতৃত্ব দেবেন। আল্লাহর যমীনে আল্লাহর দ্বীনকে প্রতিষ্ঠিত করবেন। ফলে বিশ্বময় নিরাপত্তা, ন্যায়-নিষ্ঠা এবং ইনসাফের জয়জয়কার হবে।

ইমাম মাহদী সম্পর্কিত আক্বীদার ক্ষেত্রে সবিস্তারে জানার জন্য মুফতী নিযামুদ্দীন শামযাঈ শহীদ রহ. কর্তৃক রচিত "আক্বীদায়ে ইমাম মাহদী আহাদিস কি রওশনী মে" গন্থের অধ্যয়ন অনেক উপকারে আসবে।

অবশ্য একথা স্মরণ রাখা দরকার যে, এই মাহদী কিন্তু ঐ মাহদী নয়, যার ব্যাপারে শিয়া সম্প্রদায়ের বিশ্বাস যে, তিনি হচ্ছেন হাসান আসকারী, যিনি "সামারা" পর্বত থেকে আত্মপ্রকাশ করবেন। তাদের এ ধারণাকে খন্ডন করার জন্য হক্বপন্থী উলামায়ে কেরাম এযাবত বহু গ্রন্থ রচনা করেছেন।

ইমাম মাহদীর বংশ...

عن أم سلمة ، قالت : سمعت رسول الله صلى الله عليه وسلم يقول : المهدي من عترتي ، مــن ولــد فاطمة . (أبو داود) قال العلامة الألباني : أنه صحيح. (صحيح وضعيف أبي داود: 4284)

অনুবাদ- হযরত উম্মে সালামা রা. হতে বর্ণিত, তিনি বলেন- আমি নবী করীম সা.কে বলতে শুনেছি যে, মাহদী আমার বংশের ফাতেমার সন্তানদের মধ্য থেকে হবে।

হযরত আবূ ইসহাক রা. বলেন যে, হযরত আলী রা. স্বীয় পুত্র হযরত হাসান রা. এর দিকে তাকিয়ে বলতে লাগলেন- আমার এই ছেলে -যেমননাকি রাসূলে কারীম সা. বলেছেন- (জান্নাতী যুবকদের) সরদার হবে। অচিরেই তার ঔরস থেকে এমন এক সন্তান জন্মগ্রহণ করবে, যার নাম তোমাদের নবীর নামের মত হবে। স্বভাব-চরিত্রের দিক থেকে সে নবী করীম সা.এর ন্যায় হবে, তবে বাহ্যিক আকৃতির দিক থেতে তাঁর মত হবেনা। অতপর আলী রা. সেই ব্যক্তি কর্তৃক বিশ্বময় ইনসাফ প্রতিষ্ঠার কথা উল্লেখ করলেন।

(ضعفه الألباني. -صحيح وضعيف أبي داود:4285)

হযরত আবূ সাইদ খুদরী রা. বলেন- নবী করীম সা. বলেছেন যে, মাহদী আমার সন্তানদের মধ্য থেকে হবে, উজ্জল ও প্রশস্ত ললাটের অধিকারী, সুউচ্চ নাসিকাবিশিষ্ট। সে বিশ্বকে ন্যায়-নিষ্ঠা ও ইনসাফের মাধ্যমে ভরে দেবে, যেমনভাবে ইতিপূর্বে জুলুম-অত্যাচারে ভরে দেয়া হয়েছিল। সাত বৎসর পর্যন্ত সে মানুষের নেতৃত্ব দেবে। (আবূ দাউদ)

(قال العلامة الألباني: أنه حسن -صحيح وضعيف أبي داود)

ইমাম মাহদী আ. পিতার দিক থেকে হযরত হাসান রা.এর সন্তানদের মধ্য থেকে এবং মাতার দিক থেকে হযরত হুসাইন রা.এর সন্তানদের মধ্য থেকে হবে। (عون المعبود شرح أبو داود ، كتاب المهدي)

ইমাম মাহদীর পূর্বে বিশ্বপরিস্থিতি এবং নবী করীম সা. এর ভবিষ্যদ্বাণী...

হযরত হুযাইফা রা. বলেন- আমি খোদার শপথ করে বলছি- আমার জানা নেই যে, আমার সাথীগণ হাদিসগুলো ভুলে গেছেন (তারা তো ভুলে যাননি; বরং কোন বিশেষ কারণে) তারা এমনটি প্রকাশ করছে যে, তাদেরকে ভুলিয়ে দেয়া হয়েছে। আমি আল্লাহর শপথ করে বলছি- নবী করীম সা. এমন কোন ঘটনার বর্ণনা না দিয়ে যাননি, যা উনার সময় থেকে কেয়ামত পর্যন্তের মধ্যে সংঘটিত হবে। যার উদ্ভাবনকারীর সংখ্যা তিনশ বা তিনশ থেকে কিছু বেশি হবে। রাসূলে কারীম সা. ফেতনার বর্ণনার সময় ফেতনা সৃষ্টিকারীর নাম, তার পিতার নাম এমনকি তার বংশের নাম পর্যন্ত বর্ণনা করতেন। (আবূ দাউদ)(ضعفه الألباني. -صحيح وضعيف أبي داود)

عن حذيفة رضي الله عنه ، قال: قام فينا رسول الله صلى الله عليه وسلم قائما ، فما ترك شيئا يكون في مقامه ذلك إلى قيام الساعة إلا حدثه ، حفظه من حفظه ، ونسيه من نسيه ، قد علم أصحابه هؤلاء. وإنه ليكون منه الشيء فأذكره ، كما يذكره الرجل وجه رجل إذا غاب عنه ، ثم إذا رآه عرفه. (أبو داود) قال العلامة الألباني : أنه صحيح. (صحيح أبي داود للعلامة الألباني)

অনুবাদ- হযরত হুযাইফা রা. বলেন- একদা নবী করীম সা. আমাদের সামনে দাড়ালেন এবং কেয়ামত পর্যন্তের জন্য ঘটিত সকল ঘটনার বিস্তারিত বিবরণ দিলেন। যে এগুলো স্মরণ রেখেছে, স্মরণ রেখেছে। আর যে ভুলে যাওয়ার, ভুলে গেছে। তবে অবশ্যই সাহাবায়ে কেরাম এগুলো সম্পর্কে জ্ঞান রাখেন। আসলে ব্যাপার হচ্ছে যে, এগুলো থেকে কোন কিছু প্রকাশ হলে আমাদের স্মরণ হয়ে যায়। যেমন কোন ব্যক্তি অন্য এক ব্যক্তিকে তার অনুপস্থিতিতে স্মরণ করে, অতপর যখন দেখে তখন চিনে ফেলে।

মদীনা মুনাওয়ারা থেকে বিশাল আগুন বের হওয়া...

হযরত আবূ হুরায়রা রা. বলেন- নবী করীম সা. বলেছেন যে, ততক্ষণ পর্যন্ত কেয়ামত সংঘটিত হবেনা, যতক্ষণ না হেজায থেকে একটি আগুন বের হবে, যার আলোতে (ইরাকের) বসরা শহরের উটগুলোর গর্দান আলোকিত হয়ে উঠবে। (বুখারী-মুসলিম)

হাদিসে যে আগুনের কথা বলা হয়েছে, উক্ত আগুনের ব্যাপারে হাফেয ইবনে কাছীর রহ. সহ অন্যান্য ঐতিহাসিকদের দাবী যে, ঐ আগুন প্রকাশের ঘটনা অতিবাহিত হয়ে গেছে। আগুনটি ৬৫৪ হিজরীর জুমাদিউস সানীর এক শুক্রবারে মদীনা মুনাওয়ারার কোন এক উপত্যকা থেকে ভড়কে উঠে। প্রায় একমাস পর্যন্ত এ বিশাল আগুনটি দাউ দাউ করে জ্বলতে থাকে। প্রত্যক্ষদর্শীগণ বর্ণনা করেন- হঠাৎ হেজাযের দিক থেকে আগুনটি দৃশ্যায়িত হয়। আকার দেখে মনে হচ্ছিল যে, এটি আগুনের একটি শহর এবং তার মধ্যে আগুনের বড় বড় দালানকোঠা-ঘরবাড়ী বিদ্যমান। আগুনটির দৈর্ঘ্যতা ১২ মাইল এবং প্রসস্ততা ৪ মাইল পর্যন্ত বিস্তৃত ছিল। যে পাহাড় পর্যন্তই আগুনের গতি পৌছেছে, তাকেই জ্বালিয়ে মোমের মত গলিয়ে দিয়েছে। তার স্ফুলিঙ্গ থেকে বিজলীর ন্যায় আওয়াজ এবং সমুদ্রের ঢেওয়ের মত শব্দ শুনা যেত। অবস্থাদৃষ্টে মনে হচ্ছিল যে, তার ভেতর থেকে লাল ও নীল রঙ্গের সমুদ্র প্রবাহিত হচ্ছে। এভাবেই আগুনটি ঐ উপত্যকা থেকে বের হয়ে মদীনা মুনাওয়ারের নিকটবর্তী স্থানে এসে থেমে গিয়েছিল। আশ্চর্যের ব্যাপার ছিল যে, অগ্নিস্ফুলিঙ্গের দিক থেকে মদীনার দিকে যে বাতাস আসত, তা সম্পূর্ণ ঠান্ডা ও শীতল ছিল। তখনকার জ্ঞানীগণ বর্ণনা করেন যে, উক্ত আগুনের আলোতে মদীনার সমস্ত উপত্যকা উজ্জল হয়ে উঠেছিল। এমনকি মদীনার প্রতিটি ঘরে সূর্যের আলোর ন্যায় আলো জ্বলজ্বল করছিল। রাত্রিকালে মানুষেরা দিনের মতই তাদের সব কাজ-কারবার চালিয়ে যেত। বরং ঐ সময় আশপাশের এলাকাগুলোর উপর সূর্য এবং চন্দ্রের আলো নিস্তেজ হয়ে গিয়েছিল।

আকাশ থেকে নেয়া ছবিতে পুড়ে যাওয়া পাহাড়ী এলাকার দৃশ্য এখনো স্পষ্ট

মক্কা মুকাররমার কতিপয় লোক একথার সাক্ষ দেয় যে, তারা ইয়ামামা ও বসরায় ভ্রমণরত ছিল। এ বিশাল আগুনের আলো তারা ওখানেও প্রত্যক্ষ করতে পেরেছে। আগুনের একটি অনন্য বৈশিষ্ট এই ছিল যে, সে পাথরকে পর্যন্ত জ্বালিয়ে ভস্ম করে দিত। কিন্তু বৃক্ষসমূহের উপর এর কোন প্রতিক্রিয়া পড়তনা। বলা হয় যে, জঙ্গলে একটি বিশালাকৃতির পাথর ছিল, যার অর্ধাংশ মদীনার সীমানায় ছিল আর বাকী অর্ধাংশ মদীনার সীমানার বাইরে ছিল। আগুন পাথরের ঐ অংশটিকে পুড়ে ছাই করে দিয়েছিল, যা মদীনার সীমানার বাইরে ছিল। আর বাকী যে অর্ধাংশ মদীনার সীমানার ভেতরে ছিল, তা সম্পূর্ণ নিরাপদ ও সঠিক অবস্থায় ছিল। আর এদিক থেকে মদীনার দিকে ঠান্ডা বাতাস আসতে থাকত।

মদীনা থেকে প্রায় ৯৮৫ কিঃ মিঃ দূরে অবস্থানকারী বসরাবাসী একথার স্বাক্ষ দিয়েছে যে, হেজায থেকে বের হওয়া ঐ আগুনের আলোতে তারা তাদের উটনীগুলোর গর্দান বহুবার আলোকিত হতে দেখেছে।

(البداية والنهاية لابن كثير رحمه الله)

লাল বাতাস এবং ভূমিতে ধ্বসে যাওয়ার শাস্তি...

عن محمد بن عمر بن علي بن أبي طالب قال: قال رسول الله صلى الله عليه وسلم: " إذا فعلتْ أمّتي خَمْسَ عَشْرَةَ خَصْلَةً حلّ فيها البلاء قيل وما هي يا رسول الله؟ قَالَ إذا كــان المَغْنَــمُ دُوَلا والأَمَانَــةُ مُغْنَمــاً والزكاة مَغْرَماً وأطاع الرجل زوجته وعقّ أمّهُ وبَرّ صديقَه وجفا أبَاه، وارتفعــت الأصــوات فــي المســاجد وكان زعيم القوم أرْذَلَهُمْ وأكْرِمَ الرجلُ مَخافَةَ شَرِه وشُرِبت الخمــر ولُبِــسَ الحَرِيــر واتخــذت القَيْنَــاتُ والْمَعَازِفُ ولَعَنَ آخِرُ هذه الأمّة أوّلَها فَلْيَرْتَقِبُوا عِنْدَ ذلــكَ رِيحــاً حَمْــرَاءَ أو خَسْــفاً أو مسْــخاً " . (رواه الترمذي في: ج:4 ص:494 ، المعجم الأوسط : ج: 1 ص: 150) وفي رواية عن أبي هريرة رضي الله تعالى عنه : وتُعُلّمَ لغير الدين

অনুবাদ- মুহাম্মদ বিন উমর বিন আলী বিন আবি তালিব রা. হতে বর্ণিত, নবী করীম সা. বলেছেন যে, যখন আমার উম্মত পনেরটি বিষয়কে অভ্যাসে পরিণত করবে, তখন তাদের উপর বিপদাপদ আবর্তিত হবে। প্রশ্ন করা হয় যে, হে আল্লাহর রাসূল! পনেরটি অভ্যাস কি কি ?? রাসূল বলেন-

১) যখন গনীমতের (যুদ্ধলব্ধ) মালকে ব্যক্তিগত সম্পদ মনে করা হবে।

২) আমানতের বস্তুকে গনীমতের মাল মনে করা হবে।

৩) যাকাত প্রদান করাকে জরিমানা হিসেবে মনে করা হবে।

৪) মানুষ তাদের স্ত্রীদের অনুসরণ করবে।

৫) নিজের মায়ের অবাধ্য হবে।

৬) বন্ধু-বান্ধবের সাথে সদাচরণ বা দয়াশীল হবে।

৭) নিজের পিতার সাথে অসদাচরণ করে তাকে বঞ্চিত করা হবে।

৮) মসজিদগুলোতে জোরেশুরে কথাবার্তা (হৈ হোল্লোড়) করা হবে।

৯) প্রত্যেক জাতির সর্বনিকৃষ্ট ব্যক্তি তাদেরকে নেতৃত্ব দেবে।

১০) অনিষ্টতা হতে রক্ষা পাওয়ার ভয়ে মানুষকে সম্মান করা হবে।

১১) মদ্যাপান ব্যাপক হয়ে যাবে।

১২) (পুরুষগণ) রেশমী কাপড় পরিধান করবে।

১৩) নর্তকীদের মাধ্যমে ব্যাপকভাবে (বিভিন্ন অনুষ্ঠানে/ক্লাবে/টেলিভিশনে) নাচগান করানো হবে।

১৪) গানবাদ্য করার জন্য হরেক রকম যন্ত্র (তবলা/গিটার/মিউজিক/আধুনিক বেন্ড) আবিস্কার করা হবে।

১৫) উম্মতের সর্বশেষ যমানার লোকজন তাদের পূর্বসূরীদেরকে অভিশাপ দেবে।

হযরত আবূ হুরায়রা রা. থেকে অপর একটি বর্ণনায়-

১৬) দ্বীনের জ্ঞান ছেড়ে দিয়ে অন্য শিক্ষায় শিক্ষিত করা হবে।

(রাসূল বলেন-) উপরোক্ত বিষয়গুলি যখন দেখতে পাবে, তখন তোমরা লাল বাতাস দ্বারা শাস্তি বা আকৃতি বদলে যাওয়ার শাস্তি বা ভূমিতে ধ্বসিয়ে দেয়ার শাস্তির অপেক্ষা কর।

চিন্তা করুন- রাসূলে কারীম সা. থেকে বর্ণিত উপরোক্ত ষোলটি বিষয় আমাদের সমাজে প্রকাশ হয়েছে কিনা...!! যদি প্রকাশ হয়ে থাকে, তবে বর্ণিত শাস্তিগুলো সহ্য করার জন্য নিজেদেরকে তৈরী করা উচিত...!! হাদিসে মালে গনীমত (যুদ্ধলব্ধ সম্পদ)কে স্বীয় সম্পদ মনে করার বিষয়টি উল্লেখিত হয়েছে। সুতরাং মুজাহিদীনকে এসম্পর্কে সদা সতর্ক থাকতে হবে। আমীরের অনুমতি ব্যতিত গনীমতের মালে হস্তক্ষেপ করা থেকে বিরত থাকতে হবে। ইবলিস প্রতিটি মানুষকে মানসিকতার দিক থেকে দুর্বল করে দিতে চায়। সুতরাং আল্লাহর রাস্তায় জিহাদরত ব্যক্তিদেরকে এবিষয়ে সজাগদৃষ্টি রাখতে হবে। বরং বাইতুল মালের ক্ষেত্রেও কোন প্রকার অনুমতি ব্যতিত নাক না গলানো উচিত। এভাবেই মুজাহিদীনকে শয়তানের সকল প্রকার ধোকা থেকে বেঁচে থেকে তাদের জিহাদকে আল্লাহর কাছে গ্রহণযোগ্য করে তুলতে হবে। অন্যথায়... কত লোকই আছে যারা বৎসরের পর বৎসর জিহাদ করে যাচ্ছে, কিন্তু যৎসামান্য মালের মধ্যে খিয়ানত করে তার জিহাদকে নষ্ট করে ফেলছে। সুতরাং এ পথের ভয়াবহতাকেও প্রতিটি মুজাহিদীনের স্মরণ রাখা উচিত।

বর্তমানে ব্যাপকহারে প্রকাশ্যে মদ্যপান করা হচ্ছে। বরং আধুনিকমনা জনদের পক্ষ থেকে আস্তে আস্তে এটাকে ফ্যাশন বলে সাব্যস্ত করার চেষ্টা করা হচ্ছে। এভাবে আমাদরে দেশটিকেও তারা তিউনিশিয়া এবং তুরস্কের মত বানানোর ষড়যন্ত্র করছে, যেখানে মসজিদের গেইটের সামনেই মদের দোকান পাওয়া যায়।

bdcam 2011-03-21 10-13-10-750

মুসলিম বিশ্বের মার্কেটগুলো এভাবেই বিভিন্ন নামে দিনদিন মদের মাধ্যমে সয়লাব হয়ে উঠছে।

যাকাতকে জরিমানা হিসেবে মনে করার বিষয়টি হাদিসে বর্ণিত হয়েছে। বর্তমান যমানার মুসলিম দারিদ্রপীড়িত দেশগুলোর দিকে তাকালেই স্পষ্ট হয়ে উঠে যে, মুসলমানদের কেন্দ্রভূমি আরববিশ্ব অর্থনৈতিক দিক থেকে এত শক্তিশালী হওয়ার পরও বিশ্বের মুসলিম জনগণ কেন দারিদ্রতাকে সঙ্গী করে জীবন পার করছে..!! নিম্নোক্ত পরিসংখ্যানগুলোর দিকে তাকালেই আপনারা তা অনুধাবন করতে পারবেন :-

আন্তর্জাতিক ব্যাংকগুলোর পরিসংখ্যান অনুযায়ী মুসলিম বিশ্বের প্রায় ৩৭% জনগোষ্ঠী দারিদ্রতার মধ্য দিয়ে জীবনযাপন করে। আর এ সংখ্যাটি সারাবিশ্বের জনগোষ্ঠীর দিকে তাকালে প্রায় (৫০,৪০,০০০০০) পঞ্চাশ কোটি চল্লিশ লাখেরও বেশি মানুষ।

গবেষকদের মন্তব্য- সুদানের মত মুসলিম রাষ্ট্রের প্রায় ৯০% মানুষই দারিদ্রতাকে সঙ্গী করে জীবন পার করছে। আবার এদের মধ্যে প্রায় ৬০% লোকই একেবারে কঠিন আর্থিক অবস্থার মধ্য দিয়ে দিন কাটাচ্ছে।

অপর মুসলিম রাষ্ট্র মরক্কোর প্রায় (৪,৫০,০০০) চার লাখ পঞ্চাশ হাজার পরিবার ঘরবাড়ী নির্মাণে অক্ষম হয়ে লাকড়ি এবং কাপড় দিয়ে তাবু বানিয়ে জীবনযাপন করছে। এদের মধ্যে শতকরা ২৫% লোকই মরক্কোর রাজধানী “দারুল বাইযা”তে বসবাস করে। অপর সূত্রে জানা গেছে যে, মরক্কোর শতকরা ১৯% জনগোষ্ঠী প্রতিদিন এক ডলারের থেকে আরো কম পূজিঁ দিয়ে তাদের দৈনন্দিন খাবার-দাবার ও প্রয়োজনীতাকে পূরণ করে থাকে।

এদিকে ইন্দোনেশিয়া হচ্ছে সর্ববৃহৎ মুসলিম রাষ্ট্র। জনসংখ্যা প্রায় (২৩,০০০০০০০) তেইশ কোটিরও উপরে। এদের মধ্যে প্রায় (১২,০০০০০০০) বার কোটিরও বেশি মানুষ দারিদ্রতাকে সঙ্গী করে জীবন যাপন করে।

নাম প্রকাশে অনিচ্ছুক অপর একটি সূত্রমতে- ইউরোপের বাজারগুলোতে আরববিশ্ব থেকে রপ্তানীকৃত পণ্যদ্রব্যগুলোর মূল্য প্রায় (৬৫০,০০০০০০০০০) সাড়ে ছয়শত বিলিয়ন ডলারেরও বেশি। আর আমেরিকার বাজারগুলোতে আরববিশ্বের পণ্যদ্রব্যগুলোর মূল্য প্রায় (৯৭৫,০০০০০০০০০) নয়শত পঁচাত্তর বিলিয়ন ডলার।

যাকাত উসূলের দায়িত্বে থাকা কর্মকর্তাগণ জানিয়েছেন যে, উপরোক্ত হিসাব অনুযায়ী আরববিশ্বের বাৎসরিক যাকাতের পরিমাণ হয় (৫৬,০০০০০০০০০) ছাপ্পান্ন বিলিয়ন ডলার।

এখন আপনি চিন্তা করুন যে, এ বিশাল পরিমাণ যাকাতের মূল্যটুকু যদি মুসলিম দারিদ্রপীড়ীত দেশগুলোর মধ্যে পৌছে দেয়া হত, তাহলে কি বিশ্বের কোন মুসলমান অভাবের মধ্যে থাকত...??!!

এরপরও কেন মুসলমানদের এ দুর্গতি...?? নিম্নোক্ত তথ্যগুলো পড়লেই এর উত্তর পেয়ে যাবেন :-

বিগত এক বৎসরে শুধুমাত্র সংযুক্ত আরব আমিরাতেই প্রায় পয়তাল্লিশটি নতুন অত্যাধুনিক আবাসিক

হোটেল তৈরীর উদ্যোগ নেয়া হয়েছে। ইঞ্জিনিয়ারগণ বিশ্বের সর্ববৃহৎ ও বহুল পরিমাণ পর্যটকের দৃষ্টি আকর্ষণার্থে আরো কিছু সর্বাধুনিক মিলনায়তন (নাট্যমঞ্চ/নাচগানের ক্লাব) ও মদ উৎপাদনের বিশাল বিশাল কয়েকটি কোম্পানী তৈরীর উদ্যোগ হাতে নিয়েছে।

দুবাই'য়ের (আরব আমিরাতের শহর) একটি গবেষনামূলক ম্যাগাজিন কর্তৃক প্রচারকৃত তথ্যানুযায়ী জানা গেছে যে, উপসাগরীয় দেশসমূহের (সংযুক্ত আরব আমিরাত, উমান, কাতার, কুয়েত, বাহরাইন, সৌদি আরব) নাগরিকগণ বহির্বিশ্বে ভ্রমণের জন্য প্রতি বৎসর যে পরিমাণ ডলার ব্যয় করে থাকে, তা সমস্ত ইউরোপের নাগরিকদের খরচের তুলনায় প্রায় দ্বিগুণ। মুসলিম প্রধান এছয়টি দেশের বিলাসী জনগণ প্রতি বৎসর (২৭,০০০০০০০০০) প্রায় সাতাইশ বিলিয়ন ডলার শুধুমাত্র বহির্বিশ্বে ভ্রমণ এবং সময় অপচয়ের জন্য ব্যয় করে থাকে।

সংযুক্ত আরব আমিরাতের একটি ফ্যাশন সংস্থা জানিয়েছে যে, বাসর ঘরের একরাত্রির ফুল সজ্জায় তারা প্রায় পঞ্চাশ হাজার ডলার খরচ করে থাকে।

অপর একটি সূত্রমতে- বিগত গ্রীস্মে উপসাগরীয় দেশসমূহের নারীগণ নিজেদের পোশাক ও সৌন্দর্যবর্ধনের জন্য যে সকল আসবাবপত্র ক্রয় করেছেন, তার মূল্যের পরিমাণ হচ্ছে (৩০,০০০০০০০) ত্রিশ কোটি ডলার। অপর একটি সংবাদ সূত্রমতে- সৌদি আরবে প্রতি বৎসর যে সেন্ট বা সুগন্ধি বিক্রি হয়, তার মূল্যের পরিমাণ হচ্ছে এক বিলিয়ন রিয়াল।

গান আর মিউজিকের জন্য বর্তমানে এতসব যন্ত্র আবিস্কৃত হয়েছে যে, মনে হয় কেউ এর সংখ্যা নির্ধারণে সক্ষম হবেনা। লক্ষ করুনঃ-

কথা লম্বা করে লাভ নেই। বর্তমান পৃথিবীতে চলমান এসকল পরিস্থিতি সম্পর্কে কমবেশি সবাই জানেন। উপরোক্ত হাদিসে যে সকল বিষয় রাসূলে কারীম সা. বলে গেছেন, এর সবই বর্তমান দুনিয়াতে অক্ষরে অক্ষরে বাস্তবায়িত হচ্ছে।

নাচগান ও নর্তকীদের ব্যাপারে হাদিসে যে কথা বলা হয়েছে, বর্তমানে টেলিভিশনের সামনে বসলেই তার সম্পূর্ণ বাস্তবতা লক্ষ করা যায়। কোথাও এরকম মেয়েদের নাচগান-ড্যান্সের অনুষ্ঠান হলে প্রসিদ্ধ টিভি-চ্যানেল কর্তৃক সরাসরি তা প্রচার করা হয়। রং-বেরংয়ের নাচ, গান, ড্যান্স...। আজকাল তো টেলিভিশন নয়; বরং পকেটে রাখা মোবাইল সেটটিতেও গত গান, বাজনা, অডিও, অশ্লিল ভিডিওয়ের দৃশ্য পরিলক্ষিত হয়। শয়তান মানুষকে এতই পথভ্রষ্ট করার জন্য সচেষ্ট যে, গুনাহ করার জন্য আর দূরে যাওয়ার দরকার নেই। টিভি-চ্যানেল, রেডিওষ্টেশান, পছন্দের কালেকশান, মেয়েদের সাথে আলাপ করার জন্য পছন্দের নাম্বারসমূহ এখন মানুষের হাতের মুঠোয়। সাম্প্রতিক সময়ে বিশ্বকে হাতের মুঠোয় নিয়ে আসার ধ্বনি দিয়ে যে ইন্টারনেট সিষ্টেম সমাজে এসেছে, এটাতো মূলত বিশ্বের সকল অশ্লিলতা, বেহায়াপনা, মানুষরূপী শয়তানের আড্ডাখানা এবং মুসলমানদেরকে আল্লাহর স্মরণ থেকে গাফেল করার ষড়যন্ত্র বৈ কিছু নয়। আর নিরীহ

মানুষেরাও আজ -কেউ শখে আর কেউ অপরাগ হয়ে- ক্রমে ক্রমে এসবের দিকে ঝুকে পড়ছে। ফলে মুসলমানদের ঘরোয়া ও সামাজিক চেহারা দিনদিন বিকৃত হয়ে যাচ্ছে।

পূর্ববর্তীদেরকে লা'নত করার যে বিষয়টি হাদিসে বর্ণিত হয়েছে, তা বর্তমান যমানাতেই ধীরে ধীরে স্পষ্ট হয়ে উঠছে। সৌদি আরবের অনেক উলামায়ে কেরাম হযরত ইমাম আবূ হানীফা রহ. কে কাফের বলে আখ্যায়িত করে থাকে (নাঊযুবিল্লাহ)। প্রখ্যাত হাদিস বিশারদ ও বুখারী শরীফের প্রসিদ্ধ ব্যাখ্যাগ্রন্থ "ফাতহুল বারী"র লেখক আল্লামা ইবনে হাজার আসকালানী রহ. সম্পর্কে তাদের অনেকেরই মন্তব্য যে, তার আক্বীদা গলদ ছিল। এমনিভাবে মুসলিম শরীফের প্রসিদ্ধ ব্যাখ্যাকার ও রিয়াযুস সালেহীনের মুসান্নিফ আল্লামা ইমাম নববী রহ. সম্পর্কেও তাদের মন্তব্য যে, আক্বীদা ঠিক ছিলনা। যাদের মাধ্যমে আমরা ইসলাম পেয়েছি, ইসলামকে রক্ষা করার জন্য যারা জানপ্রাণ দিয়ে চেষ্টা করে গেছেন, উম্মতের দরদে এত বিশাল বিশাল গ্রন্থ রচনা করে গেছেন, যুগে যুগে যারা ইসলামকে বুকে নিয়ে আমাদের পর্যন্ত পৌছে দিয়েছেন, আজ তাদেরকেই কিনা গালী শুনতে হচ্ছে। গালী তো শুনতে হবেই... কারণ, সত্যনবী সত্যায়তি নবী স্বয়ং রাসূলে কারীম সা. এর ভবিষ্যদ্বাণী করে গেছেন। সুতরাং সদা সচেতন থাকতে হবে যে, সালফে সালেহীন বা পূর্ববর্তী যমানার হকপন্থী উলামায়ে কেরাম সম্পর্কে যাতে মুখ থেকে কুরুচিসম্পন্ন বা বেয়াদবীমূলক কোন বাক্য না বের হয়ে যায়। অন্যথায় জীবনের সকল পুঞ্জিই পুড়ে ভস্ম হয়ে যাবে। বরং তাদের জন্য সবসময় দোয়া করতে হবে। আল্লাহ পাক রাব্বুল আলামীনই শিখিয়ে দিচ্ছেন:-

ربنا اغفر لنا ولإخواننا الذين سبقونا بالإيمان ولا تجعل في قلوبنا غلا للذين آمنوا ربنا إنك رءوف رحيم. (سورة الحشر)

তাদের জন্য সবসময় এই দোয়া করতে হবে যে, "হে আল্লাহ! আমাদেরকে এবং আমাদের পূর্বে যারা ঈমান নিয়ে দুনিয়া থেকে বিদায় হয়েছেন, তাদেরকে মাফ করে দাও! তাদের ব্যাপারে আমাদের অন্তরে কোন প্রকার হিংসা-বিদ্বেষ সৃষ্টি করিওনা। হে আল্লাহ! তুমি তো পরমকরুণাময় ও দয়ালু প্রভূ!!!"

সর্বশেষ যে কথাটি হাদিসে বলা হয়েছে যে, দ্বীনী শিক্ষা ছেড়ে দিয়ে ভিন্ন শিক্ষায় শিক্ষিত করা হবে। আমাদের বর্তমান সমাজে কয়জন দ্বীনী শিক্ষায় শিক্ষিত পাওয়া যাবে ?? কতজন আলেম খুজে বের করা যাবে..?!! আমাদের ছেলেমেয়েদেরকে আমরা যে স্কুলে বা কলেজে পড়াই, তাতে ধর্মীয় শিক্ষা কি পরিমাণ বিদ্যমান রয়েছে!! আমাদের মুসলিম সমাজে এমন বহু মানুষ রয়েছে, যারা ইসলাম কাকে বলে.. বলতে পারবেনা। ঈমান কোন জিনিসের নাম... বলতে পারবেনা। ইসলামের স্তম্ভ কয়টি... কালেমা কাকে বলে.... "লা ইলাহা ইল্লাল্লাহু মুহাম্মাদুর রাসূলুল্লাহ" বাক্যটির অর্থ কি...!! এর কিছুই তারা জানেনা। অথচ তারাই দেশের বড় বড় ইউনিভার্সিটি ও বিশ্ববিদ্যালয় থেকে সার্টিফিকেট প্রাপ্ত। এদেরকেই আমরা সমাজের শিক্ষিত ব্যক্তিবর্গ বলে আখ্যায়িত করে থাকি। রাসূলে কারীম সা. ভবিষ্যদ্বাণী করে গেছেন-

يُقَالَ لِلرَّجُلِ مَا أَجْلَدَهُ مَا أَظْرَفَهُ مَا أَعْقَلَهُ وَمَا فِى قَلْبِهِ مِثْقَالُ حَبَّةٍ مِنْ خَرْدَلٍ مِنْ إِيمَانٍ

অর্থাৎ বলা হবে যে, "লোকটি কতইনা ভাল! কতইনা ভদ্র! কতইনা শিক্ষিত বা জ্ঞানবুদ্ধির অধিকারী! অথচ তার অন্তরে বিন্দুমাত্রও ঈমান বিদ্যমান নেই।" (হাদিসের এ অংশটি হযরত হুযায়ফা রা. থেকে বর্ণিত একটি লম্বা হাদিস থেকে নেয়া, যা বুখারী শরীফের ৬৬৭৫ ও মুসলিম শরীফের ৩৮৪ নং হাদিসে বর্ণিত হয়েছে)

পূর্ববর্তী পথভ্রষ্ট জাতিদের পদাংক অনুসরণ...

عن أبي سعيد الخدري رضي الله تعالى عنه ، قال: قال رسول الله صلى الله عليه وسلم : لتتبعن

سنن الذين من قبلكم شبرا بشبر وذراعا بذراع حتى لو دخلوا في حجر ضب لاتبعتموهم ، قلنا: يا رسول الله! اليهود والنصارى..؟ قال: فمن...!! (صحيح البخاري: ج:3ص: 1274 ، مسلم: ج:4ص:2054 ، صحيح ابن حبان:ج:15ص:195)

অনুবাদ- হযরত আবূ সাঈদ খূদরী রা. হতে বর্ণিত, নবী করীম সা. এরশাদ করেন যে, তোমরা তোমাদের পূর্ববর্তী যমানার লোকদের পদাংক অনুসরণ করবে সমান সমান ভাবে...(উদাহরণ স্বরূপ বলেন- একহাত একহাত এবং একবিঘা একবিঘা করে । এমনকি যদি তারা কোন গুইসাঁপের গর্তেও প্রবেশ করে থাকে, তবে তোমরাও তাদের অনুসরণার্থে সেখানে প্রবেশ করবে। আমরা জিজ্ঞাসা করলাম- হে আল্লাহর রাসূল! পূর্ববর্তী লোকদের বলতে আপনি কি পথভ্রষ্ট ইহুদী আর খৃষ্টানদের বুঝাচ্ছেন ? উত্তরে রাসূল বলেন- তা না হলে আর কারা...!!! (অর্থাৎ তারাই উদ্দেশ্য)

বর্তমানে মুসলমানদের মধ্যে বেশিরভাগ ঐ সকল দোষ বা ত্রুটিই পরিলক্ষিত হচ্ছে, যা পূর্ববর্তী উম্মতদের মধ্যে বিদ্যমান ছিল। যিনা-ব্যাবিচার, মদ্যপান, জোয়া, বেঈমানী, অন্যায়ভাবে হত্যা, আল্লাহর কালামে বিকৃতি সাধন, নবী করীম সা.এর জীবনেতিহাস ও শিক্ষাদিক্ষাকে ভিন্নধাচে বিশ্লেষণ, ইহুদীদের মত ধর্মের ঐ সকল বিষয়ে শুধু আমল করা যা মনের অনুকুলে হয়, আর যে গুলিকে কঠিন মনে করা হয় সেগুলোকে দূরে নিক্ষেপ করে দেয়া, এতিম-বিধবাদের মাল অন্যায়ভাবে খেয়ে ফেলা, নেতৃস্থানীয় লোকদের ভয়ে বা শিল্পপতি লোকদের থেকে পয়সা অর্জনের উদ্দেশ্যে আল্লাহর নাযিলকৃত বিধানের মনমত ব্যাখ্যা করা... ইত্যাদি ইত্যাদি।

মসজিদগুলোকে সুসজ্জিত করা...

عن أنس بن مالك رضي الله عنه ، قال: قال رسول الله صلى الله عليه وسلم: لا تقوم الساعة حتى يتباهى الناس في المساجد. (صحيح ابن خزيمة:ج:2ص:282، صحيح ابن حبان:ج:4ص:493)

অনুবাদ- হযরত আনাছ বিন মালিক রা. হতে বর্ণিত, রাসূলে কারীম সা. এরশাদ করেন যে, কেয়ামত ততক্ষণ পর্যন্ত সংঘটিত হবেনা, যতক্ষণ না লোকেরা মসজিদগুলো নিয়ে পারস্পরিক অহংকারের প্রতিযোগীতা শুরু করে।

এর দ্বারা উদ্দেশ্য হচ্ছে যে, লোকেরা মসজিদে আসার সময় এমনভাবে আসবে যে, একজন আরেকজনকে স্বীয় ক্ষমতা ও প্রভাব প্রতিপত্তি দেখানো উদ্দেশ্য হবে। পাশাপাশি মসজিদ নির্মাণের ক্ষেত্রেও একজন আরেকজনকে দেখানো উদ্দেশ্য হবে যে, কার মসজিদটি বেশি বড় ও বেশি সুন্দর। প্রতিটি এলাকার লোকজন পাশের এলাকার তুলনায় অধিক সৌন্দর্যমন্ডিত মসজিদ বানাতে চেষ্টা করবে।

عن أبي الدرداء رضي الله عنه قال: إذا زخرفتم مساجدكم ، وحليتم مصاحفكم ، فالدمار عليكم.

(رواه الحكيم الترمذي في نوادر الأصول عن أبي الدرداء ، ووقفه ابن المبارك في الزهد وابن أبي الدنيا في المصاحف عن أبي الدرداء)-كشف الخفاء :ج:1ص:95

অনুবাদ- হযরত আবূ দারদা রা. থেকে বর্ণিত, তিনি বলেন- যখন তোমরা মসজিদগুলোকে কারুকার্যমন্ডিত করবে এবং কোরআনে কারীমকে সুসজ্জিত করবে, তখন তোমাদের অবনতি এবং ধ্বংস অনিবার্য হবে।

عن بن عباس رضي الله تعالى عنه قال: ما كثرت ذنوب قوم إلا زخرفت مساجدها ، وما زخرفت مساجدها إلا عند خروج الدجال. فيه إسحاق الكعبي وليث بن أبي سليم ، وهما ضعيفان (السنن الواردة في

الفتن، ج:4ص:819)

অনুবাদ- হযরত আব্দুল্লাহ বিন আব্বাস রা. হতে বর্ণিত, তিনি বলেন- যখন কোন জাতির অপরাধ বেড়ে যায়, তখন তাদের মসজিদগুলো অত্যন্ত সুন্দর সুন্দর করে বানানো হয়। আর মসজিদগুলোকে একমাত্র দাজ্জাল আত্মপ্রকাশের সময়ই সৌন্দর্যমন্ডিত করে বানানো হবে।

আরব বিশ্বের কয়েকটি মসজিদের চিত্র

ইবনে আব্বাস রা. ঠিকই বলেছেন...। অন্যের দাসত্বে পড়ে তাদের চিন্তাচেতনাও পর্যন্ত বিকৃত হয়ে যায়। বর্তমান সময়ে কোন এলাকায় যদি সুন্দর মসজিদ না পাওয়া যায়, তাহলে মনে করা হয় যে, আল্লাহ তা'লার সাথে তাদের কোন সম্পর্কই নেই। পক্ষান্তরে যে সকল এলাকায় সুন্দর সুন্দর মসজিদ নির্মাণ করা হয়েছে, ঐ এলাকার লোকদেরকে বলা হয় যে তারাই দ্বীনদার এবং খোদাভীরু। কিন্তু একথা তো কারো জানা নেই যে, আল্লাহ পাকের কাছে কে সবচে' বেশী খেদাভীরু ও মর্যাদাবান।

যদি কোন খোদাভক্ত লোক এসকল হাদিসকে প্র্যাকটিক্যালভাবে যাচাই করতে চান, তারা যেন কিছুদিন গ্রামের সাধারণ মসজিদগুলোতে নামায পড়ে দেখেন। অবশ্যই তিনি সেখানে সেজদার মধুরতা অনুভব করতে পারবেন।

عن علي رضي الله تعالى عنه أنه قال: يأتي على الناس زمان لا يبقى من الإسلام إلا اسمه ، ولا من القرآن إلا رسمه ، يعمرون مساجدهم وهي من ذكر الله خراب ، شر أهل ذلك الزمان علماءهم ، منهم

تخرج الفتنة وإليهم تعود. (تفسير قرطبي،ج:12 ص:280)

অনুবাদ- হযরত আলী রা. হতে বর্ণিত, অচিরেই মানুষের উপর এমন সময় আসবে, যেসময় ইসলামের নামটি ছাড়া আর কিছুই বাকী থাকবেনা (শুধু নামে থাকবে, কোন ক্ষেত্রেই এর বাস্তবায়ন হবেনা)। কোরআনের শুধু হরফ বাকী থাকবে (বিধানগুলো বাস্তবায়ন করা হবেনা)। তখন লোকেরা মসজিদ নির্মাণ করবে, কিন্তু মসজিদগুলো আল্লাহর স্মরণ থেকে খালী থাকবে। ঐ সময়ের সর্বনিকৃষ্ট লোক হবে আলেম সম্প্রদায়। কারণ, তাদের থেকেই ফেতনার সূচনা হবে এবং তাদের কাছেই তা ফিরে আসবে।

যদিও বর্তমান সময়ে মুসলমানদের সংখ্যা এক বিলিয়ন চল্লিশ কোটিরও উপরে। কিন্তু ইসলামের অবস্থা কি...!! অসংখ্য মুসলিম রাষ্ট্র বিদ্যমান, কিন্তু কোথাও কোরআনের শাসন প্রতিষ্ঠিত নেই। মুখের মাধ্যমে তো কালেমা উচ্চারিত হচ্ছে যে, আল্লাহ ছাড়া কোন মা'বূদ নেই-আল্লাহ ছাড়া কাউকে বিচারক মানা যাবেনা। কিন্তু বাস্তব পরিস্থিতি হচ্ছে, আল্লাহকে ছেড়ে দিয়ে অজস্র মা'বূদ (বিচারক) বানিয়ে রাখা হয়েছে। সেজদায় পড়ে আল্লাহর বড়ত্ব ঘোষনা করার মত লোক তো অনেক আছে, কিন্তু বাস্তবতা হচ্ছে- আল্লাহর নাযিলকৃত পরিপূর্ণ শাসনব্যবস্থাকে তারা গণতান্ত্রিক কুফুরী শাসনব্যবস্থার বিনিময়ে বিক্রি করে দিয়েছে। পবিত্র যে কালেমা মুসলমানগণ পড়ে থাকে, সেটি হচ্ছে আল্লাহ তা'লার সাথে একটি প্রতিশ্রুতি যে, আল্লাহ তা'লা ছাড়া প্রতিটি শক্তি, প্রতিটি বিধান এবং প্রতিটি কুফুরীকে অস্বীকার করার জন্য সদা প্রস্তুত থাকা। প্রকাশ্যে মুখে মুখে বা স্বীয় কার্যকলাপের মাধ্যমে ঐ প্রতিশ্রুতি বাস্তবায়নে কাজ করে যাওয়া। কিন্তু আজকালের মুসলমান আল্লাহ তা'লাকেও সন্তুষ্ট রাখতে চায়, পাশাপাশি কুফুরীকেও অসন্তুষ্ট করতে চায়না। কোরআনে কারীমে এ সকল ব্যক্তিদের পরিচয় এভাবে বর্ণিত হয়েছে-

ذلك بأنهم قالوا للذين كرهوا ما نزل الله سنطيعكم في بعض الأمر.

অর্থাৎ এ পথভ্রষ্টতা এজন্য যে, তারা ঐ সকল কাফেরদের (যারা আল্লাহর নাযিলকৃত কোরআনকে অস্বীকার করেছে) তাদেরকে বলে দিয়েছে যে, আমরা কিছু কিছু বিষয়ে তোমাদেরই অনুসরণ করব (অর্থাৎ কোরআনের সকল বিধান আমরা মেনে নেবনা, বরং তোমাদের থেকেও কিছু কিছু মানব)।

উপরোক্ত হাদিসে উল্লেখিত আলেম সম্প্রদায় বলতে পথভ্রষ্ট আলেম সম্প্রদায় উদ্দেশ্য। পথভ্রষ্ট আলেমদের ব্যাপারে শাহ ওয়ালীউল্লাহ মুহাদ্দিসে দেহলভী রহ. বলেন- যদি পথভ্রষ্ট আলেমদের পরিচয় জানতে চাও, তবে বনী ইসরাঈলের উলামায়ে ছু' (পথভ্রষ্ট)দেরকে দেখে নাও। (আলফাউযুল কাবীর)

সুদী কারবারী ব্যাপক হয়ে যাওয়া...

عن أبي هريرة رضي الله تعالى عنه أن رسول الله صلى الله عليه وسلم قال: يأتي على الناس زمان يأكلون فيه الربا ، قال: قيل له: الناس كلهم ؟ قال: من لم يأكله منهم ناله من غباره. (أبو داود، ج:3ص:243 ، مسند أحمد، ج:2ص:494، مسند أبي يعلى ج: 11 ص:106)

অনুবাদ- হযরত আবূ হুরায়রা রা. হতে বর্ণিত, রাসূলে কারীম সা. এরশাদ করেন যে, মানুষের উপর এমন এক সময় আসবে- যখন তারা ব্যাপকহারে সুদ খাওয়া শুরু করবে। প্রশ্ন করা হল যে- সবাই কি ?? বললেন- যে সুদ থেকে বিরত থাকার চেষ্টা করবে, সুদের ধুলাবালী (বাতাস) হলেও তার গায়ে লাগবে।

হাদিসটি বর্তমান যুগের সাথে কতইনা মানানসই। বর্তমান সময়ে যদি কেউ সুদ থেকে বাঁচার চেষ্টাও করে, তবে তার গায়ে সুদের বাতাস হলেও লাগে। পাশাপাশি প্রসিদ্ধ ও জনপ্রিয় ব্যক্তিত্বদের ব্যবহার করে সুদী কারবারীগুলোতে ইসলামী লেবেল লাগিয়ে উম্মতকে সুদ খাওয়ানোর অপচেষ্টা করা হচ্ছে।

মুনাফিক ব্যক্তিও কোরআন পড়বে...

عن أبي هريرة رضي الله تعالى عنه ، عن رسول الله صلى الله عليه وسلم قال: سيأتي على أمتي زمان تكثر فيه القراء وتقل الفقهاء ، ويقبض العلم ويكثر الهرج ، قالوا وما الهرج يا رسول الله ؟ قال: القتل بينكم ، ثم يأتي بعد ذلك زمان يقرأ القرآن رجال لا يجاوز تراقيهم ، ثم يأتي من بعد ذلك زمان يجادل المنافق الكافر المشرك بالله المؤمنَ بمثل ما يقول. هذا حديث صحيح الإسناد ولم يخرجاه. ووافقه الذهبي رحمه الله. (المستدرك على الصحيحين، ج:4ص:504)

অনুবাদ- হযরত আবূ হুরায়রা রা. হতে বর্ণিত, যে নবী করীম সা. এরশাদ করেন- আমার উম্মতের উপর এমন এক যমানা আসবে, যখন ক্বারীদের সংখ্যা বেশি এবং দ্বীনের প্রকৃত বোধসম্পন্ন ব্যক্তিদের সংখ্যা কমে যাবে। দ্বীনের জ্ঞানকে উঠিয়ে নেয়া হবে এবং ফ্যাসাদ অত্যাধিক বেড়ে যাবে। প্রশ্ন করা হল- কি রকম ফ্যাসাদ হে আল্লাহর রাসূল ?? উত্তরে বললেন- তোমাদের পরস্পরিক খুন-খারাবী বেড়ে যাবে। এরপর এমন এক যমানা আসবে যে, মানুষেরা কোরআন পড়বে, কিন্তু কোরআনের আয়াত (এর বাস্তবায়ন) তাদের গলার নিচে নামবেনা। এরপর এমন এক যমানা আসবে যে- কাফের, মুনাফেক ও মুশরিক দ্বীনের ব্যাপারে মুমিনদের সাথে তর্কবিতর্ক করবে।

বর্তমান সময়ে চারিদিকে তো অসংখ্য শিক্ষিত ব্যক্তিদেরকে দেখতে পাওয়া যায়। বিভিন্ন সাবজেক্টে ডিগ্রী ও মাষ্টার্স কমপ্লেট করা। কিন্তু দ্বীনের প্রকৃত বোধসম্পন্ন ব্যক্তি খুব কম। আমাদের পুর্ববর্তী সালফে সালেহীনের যে বৈশিষ্ট ছিল যে, হাজারো পর্দার আড়ালে থাকলেও বাতিলকে তারা ঠিকই চিনে ফেলত- এমন বৈশিষ্টের অধিকারী নজরে পড়েনা। কোরআনের বোঝ এবং কোরআনের এলেমসম্পন্ন শিক্ষিত শ্রেণী আজ অদৃশ্য। অথচ সর্বপ্রকার জ্ঞানই আজ যথেষ্ট গুরুত্ব ও মনযোগ সহকারে পড়ানো হচ্ছে। তথ্য ও বিদ্যার সাগর পাওয়া যায়, কিন্তু জ্ঞানের কোন পাত্তা নেই।

হযরত আবূ আমের আশআরী রা. নবী করীম সা. থেকে বর্ণনা করেন যে, নবী করীম সা. বলেন- উম্মাতের উপর সবচে' বেশি যে বিষয়টি নিয়ে আমি শঙ্কিত, সেটি হচ্ছে- তাদের জন্য সম্পদকে অধিকহারে বাড়িয়ে দেয়া হবে। যারফলে একে অপরকে হিংসার চোখে দেখবে, পরস্পরে লড়াইয়ে মেতে উঠবে। কোরআন পাঠ করা তাদের জন্য সহজ হয়ে যাবে। ফলে দ্বীনদার, ফাসেক, পাপিষ্ঠ এবং মুনাফিক সকলেই কোরআন পড়বে। মুনাফিক ও পাপিষ্ঠরা কোরআনের অপব্যাখ্যা ও ফেতনা ছড়িয়ে দেবার উদ্দেশ্যে মুমিনদের সাথে ঝগড়া (বাকবিতন্ডা) করবে। অথচ আল্লাহ পাক ছাড়া এর সঠিক ব্যাখ্যা ও তাফসীর কেউ জানেনা (অর্থাৎ ঐ সকল আয়াত, যেগুলোর জ্ঞান একমাত্র আল্লাহরই জানা) তখন গভীর জ্ঞানের অধিকারীগণ (ঐ সকল আয়াতের ব্যাপারে) বলবে যে, আমরা এগুলোর উপর ঈমান আনলাম। (الأحاديث المثاني ، ج:4ص: 435)

বর্তমান যমানায় উম্মত ধন-সম্পদের ফেতনায় নিমজ্জিত। আরববিশ্ব তো বর্তমানে বিশ্বের ধনি দেশগুলোকে রীতিমতো চ্যালেঞ্জ করে চলেছে। ফলে সেখান থেকে সকল প্রকার ফেতনার জন্ম হচ্ছে। কোরআন পড়া এখন এতই সহজ হয়েছে যে, বর্তমানে বিভিন্ন টিভি-চ্যানেলেও আরবী মূললিপি সহ ইংলিশধাচে আয়াতগুলোকে পেশ করা হচ্ছে। এভাবে যদি কেও আরবীতে না পড়তে পারে, তবে নিচে ইংলিশ লেখা দেখে দেখে সহজেই কোরআনে কারীম পড়তে পারছে। মুনাফিক, ফাসিক, পাপিষ্ঠ সকলকেই আজ কোরআন পড়তে দেখা যায়- বরং অনেককে তো ন্যুনতম জ্ঞান ছাড়াই এতে ব্যাখ্যা-বিশ্লেষণ করতে দেখা যায়। তুরস্ক, মিসর, তিউনিশিয়া এবং সংযুক্ত আরব আমিরাতের পর এখন আমাদের দেশেও ঐ সকল ব্যক্তিবর্গ কোরআনের তাফসীর বা ব্যাখ্যা করতে শুরু করেছে যাদের কাছে আরবী "আলিফ" অক্ষরটির পরিচয়ও পর্যন্ত নেই। তারা হচ্ছে ঐ সকল ব্যক্তি, যারা একদিকে ফিল্ম এবং ড্রামায় কাজ করে উম্মতকে নির্লজ্জতার শিক্ষা দিচ্ছে, আর অপরদিকে আল্লাহর নাযিলকৃত ঐ সকল আয়াত নিয়ে অপব্যাখ্যা প্রচার করছে,

যার জ্ঞান একমাত্র আল্লাহ পাকের কাছেই বিদ্যমান।

সর্বপ্রথম মুসলমানদের খেলাফত তথা শাসনব্যবস্থা ভেঙ্গে যাবে...

عن أبي أمامة الباهلي رضي الله عنه ، عن رسول الله صلى الله عليه وسلم قال: لتنتقضن عرى الإسلام عروة عروة ، فكلما انتقضت عروة تشبث الناس بالتي تليها ، فأولهن نقضا الحكم وآخرهن الصلاة. (شعب الإيمان،ج:4ص:326 ، المعجم الكبير ج:8ص:98 ، موارد الظمآن ج:1ص:87)

